



# কর্মসংস্থান ব্যাংক

(রাষ্ট্র মালিকানাধীন একটি আর্থিক প্রতিষ্ঠান)

“বেকার যুবদের বিশ্বস্ত বন্ধু”

## কর্মী ব্যবস্থাপনা, প্রশিক্ষণ ও মানবসম্পদ বিভাগ

সার্কুলার লেটার নং-০২/২০১৭

তারিখ : ০৫ এপ্রিল, ২০১৭

সকল উপ-মহাব্যবস্থাপক (বিভাগীয় কার্যালয়)/  
সহকারী মহাব্যবস্থাপক (বিভাগীয় নিরীক্ষা কার্যালয়)/  
আঞ্চলিক ব্যবস্থাপক/শাখা ব্যবস্থাপক  
কর্মসংস্থান ব্যাংক।

**বিষয় : সম্পূর্ণ অস্থায়ী (No Work no pay) ভিত্তিতে ‘খন্ডকালীন পরিচ্ছন্ন কর্মী’ নিয়োগ নীতিমালা-২০১৭।**

প্রিয় মহোদয়,

ব্যাংকের প্রধান কার্যালয়ের কর্মী ব্যবস্থাপনা, প্রশিক্ষণ ও মানবসম্পদ বিভাগের ১১ মার্চ, ২০১৪ তারিখের পরিপত্র নং- ২/২০১৪ এর মাধ্যমে শাখা/কার্যালয় সমূহের জন্য সম্পূর্ণ অস্থায়ী (No Work no pay) ভিত্তিতে ‘খন্ডকালীন পরিচ্ছন্ন কর্মী’ নিয়োগ ও পারিতোষিক নীতিমালা- ২০১৪ প্রবর্তন করা হয়।

০২। সরকারি-বেসরকারি পর্যায়ে বেতন ভাতা বৃদ্ধি এবং আর্থ-সামাজিক অবস্থার উন্নয়নসহ জীবন যাত্রার মান উন্নয়ন বিবেচনায় পরিচ্ছন্ন কর্মীদের পারিতোষিক বৃদ্ধির প্রস্তাব ব্যাংকের পরিচালনা পর্ষদের ২৪৪তম সভায় উপস্থাপন করা হলে পর্ষদ কর্তৃক তা অনুমোদিত হয়। তৎপ্রেক্ষিতে পূর্বে জারিকৃত নীতিমালার প্রযোজ্য অংশ পরিবর্তন এনে এতদবিষয়ে পূর্নঙ্গ নীতিমালা নিম্নে প্রদত্ত হলো:

- প্রতিটি শাখা/কার্যালয়ে ০১ (এক) জন ‘খন্ডকালীন পরিচ্ছন্ন কর্মী’ নিয়োজিত করা যাবে। প্রধান কার্যালয়, বিভাগীয় কার্যালয়, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়, প্রধান শাখা ও আঞ্চলিক কার্যালয় সমূহের Number of floor কিংবা Floor space বিবেচনা করে বাস্তবতার নিরীখে প্রয়োজনীয়তা যথাযথ বিবেচিত হলে প্রধান কার্যালয়ের অনুমোদন সাপেক্ষে একাধিক খন্ডকালীন পরিচ্ছন্ন কর্মী নিয়োজিত করা যাবে;
- ‘খন্ডকালীন পরিচ্ছন্ন কর্মী’ নিয়োজিত করার ক্ষেত্রে কোনো Formal নিয়োগ পত্র ইস্যু করা যাবে না;
- সর্বনিম্ন বয়স : ১৮ (আঠারো) বছর ;
- জাতীয়তা : বাংলাদেশী ;
- ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা : পঞ্চম শ্রেণি পাস ;
- দৈনিকভিত্তিক পারিতোষিক নিম্নরূপ :
  - প্রধান কার্যালয়ের জন্য জনপ্রতি ২৫০/- টাকা এবং
  - শাখা/অন্যান্য কার্যালয়সমূহের জন্য জনপ্রতি ৫৫/- (সর্বোচ্চ) টাকা;শর্ত থাকে যে,
  - শুধুমাত্র বাজেটসীমার মধ্য হতে উক্ত মজুরী প্রদান করা যাবে ;
  - প্রধান কার্যালয় ব্যতীত শাখা/অন্যান্য কার্যালয় পর্যায়ে মাসে সর্বোচ্চ ২২ দিনের বেশী মজুরী প্রদান করা যাবে না। তবে বিশেষ প্রয়োজনে প্রধান কার্যালয়ে সাপ্তাহিক/সরকারী ছুটির দিনেও তাদের কাজে নিয়োজিত রাখা যাবে। কাজ না করলে ঐদিনের জন্য মজুরী প্রাপ্য হবেন না (No work no pay) ;
  - উপরোক্ত দৈনিকভিত্তিক পারিতোষিক ০২ (দুই) বছর পরপর Review করা যাবে ;

চলমানা-০২

৭. কোন শাখা/কার্যালয়ের অফিস প্রধানগণ অত্র নীতিমালার আওতায় স্ব স্ব কার্যালয়ে খন্ডকালীন পরিচ্ছন্ন কর্মী নিয়োজিত করতে পারবেন।

৮. অন্যান্য:

‘খন্ডকালীন পরিচ্ছন্ন কর্মী’ নিয়োজিত করণের সময়:- ক) যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদ;

খ) জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত কপি;


গ) শিক্ষাগত যোগ্যতার সমর্থনে প্রদত্ত প্রশংসাপত্রের সত্যায়িত কপি এবং পাসপোর্ট আকারের ০২ (দুই) কপি সত্যায়িত ছবি সংরক্ষণ করতে হবে ;

৯. এ নীতিমালা অনুযায়ী ‘খন্ডকালীন পরিচ্ছন্ন কর্মীর’ মজুরী প্রধান কার্যালয়ের জন্য ০১ মার্চ, ২০১৭ তারিখ এবং শাখা/অন্যান্য কার্যালয়ের জন্য পত্র জারির তারিখ থেকে কার্যকর হবে। বর্তমানে প্রাপ্ত পারিতোষিক অত্র নীতিমালায় প্রদত্ত পারিতোষিকের বেশী হলে, যেটা বেশী সেটাই প্রাপ্য হবেন ;

১০. নিয়োজিত কর্মীর বয়স ৬০ (ষাট) বছর পূর্ণ হলে সংশ্লিষ্ট কর্মী স্বয়ংক্রিয়ভাবে চাকরি হতে অব্যাহতিপ্রাপ্ত হবেন ;

১১. ‘খন্ডকালীন পরিচ্ছন্ন কর্মী’ এর কাজ-কর্ম সন্তোষজনক না হলে কোনো কারণ দর্শানো ব্যতিরেকে তাকে অপসারণ করে একই মজুরীতে এবং একই শর্তে অন্য আরেকজন ‘খন্ডকালীন পরিচ্ছন্ন কর্মী’ নিয়োজিত করা যাবে।

০২। এমতাবস্থায় আলোচ্য নীতিমালা অনুযায়ী ‘খন্ডকালীন পরিচ্ছন্ন কর্মী’ নিয়োগ ও পারিতোষিক নির্ধারণের জন্য সংশ্লিষ্ট সবাইকে পরামর্শ দেয়া হ’ল।



(এম এম মাহবুব আলম)


উপ-মহাব্যবস্থাপক

সূত্র নং- কেবি/প্রকা/কব্যপ্রমাসবি-৪৬/২০১৬-২০১৭/৩৩৮০(২১)

তারিখ : ০৫ এপ্রিল, ২০১৭

**সদয় জ্ঞাতার্থে অনুলিপি (সংশ্লিষ্ট সকলকে ব্যাংকের ওয়েবসাইট থেকে কপি সংগ্রহ করার অনুরোধসহ):**

১. ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, কর্মসংস্থান ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা;
২. মহাব্যবস্থাপক (প্রশাসন/পরিচালন/হিসাব ও নিরীক্ষা) মহোদয়ের দপ্তর, কর্মসংস্থান ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা;
৩. সকল উপ-মহাব্যবস্থাপক/সহকারী মহাব্যবস্থাপক (বিভাগীয় দায়িত্বে) কর্মসংস্থান ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা;
- ৪। উপ- মহাব্যবস্থাপক আইটি ও প্রকৌশল বিভাগ, কর্মসংস্থান ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা। তাঁকে এ পত্রটি ব্যাংকের নিজস্ব ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো;
৫. বোর্ড সচিব, পর্ষদ সচিবালয় ও জনসংযোগ বিভাগ, কর্মসংস্থান ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা;
৬. অফিস নথি/মহানথি।



(মোঃ মশিউর রহমান)  
সহকারী মহাব্যবস্থাপক